অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/6/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

স্ট্যাটেন আইল্যান্ডে অফিস অব মেন্টাল হেলথ (OFFICE OF MENTAL HEALTH) এর 250 মিলিয়ন ডলারের নতুন ইনপেশেন্ট ভবন চালু হয়েছে বলে গভর্নর হোচুলের ঘোষণা

বিধ্বংসী ঝড় স্যান্ডির কারণে ক্ষতিগ্রস্ত হওয়ার পরে ভবিষ্যতের ঝড় ও বন্যা মোকাবেলার জন্য সাউথ বিচ সাইকিয়াট্রিক সেন্টার (South Beach Psychiatric Center) পুনর্নির্মাণ করা হয়েছে

গভর্নর ক্যাথি হোচুল আজ স্ট্যাটেন আইল্যান্ডে সাউথ বিচ সাইকিয়াট্রিক সেন্টারে অফিস অব মেন্টাল হেলথ-এর নতুন ইনপেশেন্ট ভবন আনুষ্ঠানিকভাবে চালু হয়েছে বলে ঘোষণা করেছেন। 250 মিলিয়ন ডলারের নতুন এই কাঠামো, সাউথ বিচ ক্যাম্পাসে করা পরিবর্তনগুলোর সঙ্গে একসাথে, বিধ্বংসী ঝড় স্যান্ডির সময়ে SBPC-কে গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত করা বন্যা মোকাবেলার জন্য নকশা করা হয়েছে।

"এই নতুন ভবন আমাদের রোগীদের জন্য সম্ভাব্য সেরা সেবা প্রদান করতে নিউ ইয়র্ককে যে সাহায্য করবে শুধু তাই নয়, বরং এটি বৈরি সময়ের মুখে আমাদের স্টেটের অবিচল থাকার একটি নিদর্শন হিসেবেও কাজ করবে," বলেছেন **গভর্নর হোচুল।** "এই নতুন ভবন এবং আমাদের করা অন্যান্য উন্নয়ন চরম বিরূপ আবহাওয়া যখন নতুন স্বাভাবিক বিষয়ে পরিণত হয়েছে এমন এক সময়ে আমাদের রোগী, কর্মী, ও অবকাঠামোকে আরো ভালোভাবে সুরক্ষিত রাখবে।"

গত বছর কোভিড-19 বেড়ে যাওয়া মোকাবেলায় সাহায্য করতে ব্যবহৃত হওয়ার সময় এই নতুন ভবন একটি অমূল্য সম্পদের ভূমিকা পালন করেছে। 2020 সালের এপ্রিল মাসের শুরু থেকে এই ফ্যাসিলিটি পরিবর্তন করে কোভিড রোগীদের মেডিকেল সেবা প্রদানের জন্য ব্যবহার করা হতে থাকে। এক বছরের কিছু সময় পরে এসে, এই নতুন ভবনে মোট 1,022 জন রোগীকে কোভিড-19 এর জন্য চিকিৎসা প্রদান করা হয়েছে।

অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "আমাদের নতুন ভবনটি রোগী ও কর্মীদের জন্য রোগীদের সেরে ওঠা ও কর্মীদের সন্তুষ্টিতে সহায়তা করতে দেখা গেছে এমন বৈশিষ্ট্যসম্পন্ন উষ্ণ পরিবেশসমৃদ্ধ একটি সর্বাধুনিক সেবাকেন্দ্র প্রদান করবে। এছাড়াও এই নতুন ভবন থেরাপিউটিক কর্মসূচি, সামাজিক মিথষ্ক্রিয়া, চিত্তবিনোদন, ফিটনেস ও

শিক্ষার জায়গাগুলো কেন্দ্রীভূত করার মাধ্যমে চিকিৎসার পরিবেশ উন্নত করবে। এটি নিউ ইয়র্কের বাসিন্দাদের স্বাস্থ্যের জন্য চমৎকার একটি বিনিয়োগ।"

NY স্টেটের ডরমিটরি অথোরিটির (Dormitory Authority of the State of NY) প্রেসিডেন্ট ও CEO রিউবেন আর. ম্যাকড্যানিয়েল, III বলেন, "এই অরক্ষিত জনগোষ্ঠীর জন্য মজবুত ও পরিবেশগতভাবে টেকসই হওয়ার জন্য নকশাকৃত একটি কাঠামোতে সম্ভাব্য সেরা পরিষেবা প্রদান করে এমন একটি ফ্যাসিলিটি তৈরি করার জন্য OMH-এর সাথে অংশীদার হতে পেরে DASNY গর্বিত। সাউথ বিচ-এর নকশা ও নির্মাণকাজ পরিচালনার জন্য OMH-এর সাথে কাজ করে আমরা এমন একটি ফ্যাসিলিটি খুলছি যেটি নিউ ইয়র্ক স্টেট ও স্ট্যাটেন আইল্যান্ড কমিউনিটিকে আগামী কয়েক দশক ধরে সেবা দিয়ে যাবে।"

NY স্টেটের সিনেটর ডিয়ান স্যাভিনো বলেন, "এই সর্বাধুনিক ফ্যাসিলিটি নিউ ইয়র্ক স্টেটে আমাদের বাসিন্দাদের জন্য সম্ভাব্য সেরা মানসিক স্বাস্থ্য সেবা প্রদানের অঙ্গীকারকে আরো একবার নিশ্চিত করেছে এবং এটি এমনকি সবচেয়ে কঠিন পরিস্থিতিতেও, অপরিহার্য সেবাগুলো সরবরাহ করার জন্য স্টেটের দৃঢ়তা ও সক্ষমতা বৃদ্ধি এবং জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলার জন্যে আমাদের সিদ্ধান্তের প্রমাণ তুলে ধরে। সেইসাথে, সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো এই নতুন ভবন রোগীদের প্রয়োজনীয় সেবা গ্রহণ করার জন্য একটি নিরাপদ ও সুরক্ষিত জায়গা প্রদান করবে।"

NY স্টেটের অ্যাসেম্বলি সদস্য মাইকেল কুসিক বলেন, "এই নান্দনিক সর্বাধুনিক ফ্যাসিলিটি সিটিজুড়ে সব রোগীর জন্য উচ্চ মানের পরিচর্যা ও সেবা প্রদান করবে। এই নতুন ভবনের সুচিন্তিত নকশা রোগী ও কর্মী উভয়ের নিরাপত্তা ও সুস্থতার সর্বোচ্চ ব্যবস্থা করে এবং একটি সুন্দর অবস্থানের পূর্ণ সুবিধা কাজে লাগায়।"

নতুন ভবনটির নকশা ও নির্মাণকৌশল বিষয়ক হাইলাইটের একটি ভিডিও এখানে দেখা যাবে।

এই নতুন 230,000 বর্গফুটের, পাঁচ-তলা ভবন বন্যা প্রতিরোধের জন্য সমুদ্রপৃষ্ঠ থেকে 20 ফুট উচ্চতায় পাইলের উপর নির্মিত হয়েছে, যেখানে বাড়তি সতর্কতা হিসেবে সব ইউটিলিটি সমুদ্রপৃষ্ঠ থেকে 30 ফুট উচ্চতায় স্থাপন করা হয়েছে। নতুন পার্কিং লটের নকশায় বন্যা মোকাবেলার পদক্ষেপসমূহ অন্তর্ভুক্ত করা হয়েছে এবং ক্যাম্পাসজুড়ে নতুন ড্রেনেজ সিস্টেম ইনস্টল করা হয়েছে। এই ভবনটি পরিবেশ বান্ধব ও জ্বালানি-সাশ্রয়ী; প্রাকৃতিকভাবে ঠাণ্ডা হওয়ার জন্য সবুজ ছাদ, ঝড়ের পানি মোকাবেলার ব্যবস্থা ও LEED টেকসই কমপ্লায়েন্স সহ নির্মাণ করা হয়েছে।

এই নতুন ভবন ফ্যাসিলিটির বহু কর্মসূচি ও ক্রিয়াকলাপকে কেন্দ্রীভূত করার মাধ্যমে কার্যপরিচালনার দক্ষতা বৃদ্ধি করে। একটি নতুন ফার্মেসি ও সেন্ট্রাল সার্ভিসেস ভবনের সাথে সংযুক্ত হওয়া সার্ভিস করিডর সহায়তামূলক পরিষেবা বিতরণের কার্যকারিতা বৃদ্ধি করে।

ইউনিট ডেস্কগুলো খোলামেলা, কেন্দ্রস্থলে অবস্থিত, এবং স্পষ্টভাবে পুরোপুরি দেখা যায়। এই নকশা সরাসরি সুপারভাইজ করার সুযোগ দেয় এবং কর্মী ও রোগীদের সহজে ইন্টার‍্যাক্ট করার

সুযোগ দেয়। এছাড়াও থেরাপিউটিক ও স্বতন্ত্র কর্মী/গ্রাহক সম্পৃক্ততার জন্য ইউনিটে ব্যক্তিগত পরামর্শ ও সাক্ষাতকার কক্ষ রয়েছে।

একইসাথে ভবনটি রোগী ও কর্মীদের সর্বোচ্চ সন্তুষ্টির জন্য নকশা করা হয়েছে। অধ্যয়নে দেখা গেছে যে কোনো ব্যক্তি যে ভৌত পরিবেশে চিকিৎসা গ্রহণ করেন তা স্বাস্থ্যগত ফলাফলের উপর গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। বিশাল জানালা প্রাকৃতিক আলো ও চমৎকার দৃশ্য প্রদান করে। ল্যান্ডস্কেপের মধ্যে সহজে রক্ষণাবেক্ষণ ও মৌসুমি রঙের বৈচিত্র্য প্রদানের জন্য স্থানীয়ভাবে পাওয়া যায় এমন ঘাস, গাছপালা, ও গুল্ম ইত্যাদি রয়েছে।

অন্যান্য গুরুত্বপূর্ণ এলাকার মধ্যে রয়েছে প্রধান লবি, যেখানে পর্যাপ্ত নিরাপত্তা ও সুরক্ষা বজায় রেখে আরো উষ্ণ পরিবেশ তৈরি করা হয়েছে। মেঝেগুলো শারীরিকভাবে অক্ষম ব্যক্তিদের ব্যবহার-বান্ধব, পার্কিং লট থেকে সামনের দরজা পর্যন্ত ক্রমশ ঢাল রয়েছে যাতে র‍্যাম্প বা সিড়ির প্রয়োজন না হয়।

এই নতুন ভবনে একটি স্যালনের জায়গা সহ "প্রোমেনাড", ক্যাফে, সামাজিকতার জায়গা, ও থ্রিফ্ট শপ রয়েছে, সেইসাথে কর্মসূচি, ক্রিয়াকলাপ এবং বন্ধু-বান্ধব ও পরিবারের সাথে সাক্ষাতের জন্য বাড়তি কক্ষ ও খোলা জায়গা রয়েছে।

এই নতুন ইনপেশেন্ট ভবন 2014 সালে 42 মিলিয়ন ডলারের সেন্ট্রাল সার্ভিসেস বিল্ডিং চালু হওয়ার অনুসারী হয়েছে, যেটি বিধ্বংসী ঝড় স্যান্ডির হামলায় ক্ষতিগ্রস্ত হওয়া গুরুত্বপূর্ণ অবকাঠামোকে প্রতিস্থাপন করেছিল।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418